

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে জাপানের জেএফআইপিপি ফেলোশিপ নিয়ে সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) জাপান ফাউন্ডেশন ইন্দো প্যাসিফিক পার্টনারশিপ প্রোগ্রাম (জেএফআইপিপি) ফেলোশিপ নিয়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) ও ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবোরেশন সেন্টার এর আয়োজন করে। আজ শনিবার (২২ ফেব্রুয়ারি ২০২৫) আইকিউএসিতে আয়োজিত ওই সেমিনারে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এতে চিফ প্যার্টনার ছিলেন কোজি সাতো, ডিরেক্টর জেনারেল (সাউথ এশিয়া), জাপান ফাউন্ডেশন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে অত্যন্ত উচ্চমানে একটি ফেলোশিপ হলো জাপানের জেএফআইপিপি ফেলোশিপ। নোবিপ্রবি সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের শিক্ষক, শিক্ষার্থীদের জন্য আমাদের বন্ধু রাষ্ট্র জাপানের এ সুযোগ কাজে লাগানোর এখনই উত্তম সময়। কারণ এই ফেলোশিপ যাবতীয় ফান্ড বহন করবে, ফলে আর্থিক জটিলতা নেই। এ বৃত্তি জাপান এবং বাংলাদেশের সম্পর্ক উন্নয়নে আরো গভীর ভূমিকা রাখবে বলে উল্লেখ করে তিনি আরও বলেন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং জাপানের মধ্যে এ ধরনের ফেলোশিপ যোগসূত্র স্থাপন করার সুযোগ নিয়ে এসেছে যা আমাদের বিশ্ববিদ্যালয়ের এগিয়ে যাওয়াকে সহজতর করবে। শিক্ষা-গবেষণা, টেকনিক্যাল কোলাবোরেশন ও দক্ষ মানবসম্পদ সৃষ্টিতে এ বৃত্তি অত্যন্ত সহায়ক হবে।

চিফ প্যার্টনার কোজি সাতো বলেন, জাপান ফাউন্ডেশন ইন্দো প্যাসিফিক পার্টনারশিপ প্রোগ্রাম (জেএফআইপিপি) ফেলোশিপ দক্ষিণ এশিয়ায় শিক্ষক-শিক্ষার্থীদের উচ্চশিক্ষা ও গবেষণার মানোন্নয়নে ভূমিকা রেখে আসছে। সমাজ বিজ্ঞান ও বিজ্ঞানের নানা ক্ষেত্রে সম্পূর্ণ অর্থায়নে এ ফেলোশিপ দিয়ে থাকে জাপান। যাতে করে জাপান ও বৃত্তিপ্রাপ্ত দেশের গবেষকদের যৌথ গবেষণা, ক্রস কালচার ও একাডেমিক এক্সিলেন্সের সুযোগ তৈরি হয়।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন্ নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ হানিফ। সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন ড. আব্দুল্লাহ-আল-মামুন, নির্বাহী পরিচালক, পান এশিয়া রিসার্চ ইনস্টিটিউট, টোকিও, এন্ড ফ্যাকাল্টি মেম্বার, ঢাকা বিশ্ববিদ্যালয়। এতে প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ আবদুল কাইয়ুম মাসুদ। অন্যদের মাঝে উপস্থিত ছিলেন নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবোরেশন সেন্টার এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান সিদ্দিকী।

সেমিনারে কি-নোট স্পিকার ড. আব্দুল্লাহ-আল-মামুন বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাইরে আমরা আর দুটি বিশ্ববিদ্যালয়কে এ সেমিনারের জন্য বাছাই করেছি। তন্মধ্যে নোবিপ্রবি অন্যতম। আমি অত্যন্ত দৃঢ়ভাবে বিশ্বাস করি এখানকার ফ্যাকাল্টি ও শিক্ষার্থীরা ফুল ফান্ডেড এ ফেলোশিপের সুযোগ কাজে লাগাবে এবং অর্জিত জ্ঞান নিজ প্রতিষ্ঠানের উচ্চশিক্ষা ও গবেষণার উন্নয়নে ব্যয় করবে।

প্রসঙ্গত, সেমিনারে নোবিপ্রবির সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

